# ॥ সম্পাদকের বিবৃতি ॥

ওয়েস্ট বেঙ্গল মোশান পিকচার আর্টিস্ট ফোরামের ১৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

সাধারণ সম্পাদক হিসাবে আজ আমার তৃতীয় বার্ষিক সাধারণ সভা। আমার এই তিন বছরের কার্যকালে আমার সহযোগীদের নিয়ে চেষ্টা করেছি আর্টিস্ট ফোরাম যাতে তার কল্যাণমূলক কাজ দিয়ে সকল সদস্যদের পাশে দাঁড়াতে পারে। সে কর্মকাণ্ড কখনও সাফল্যমণ্ডিত হতো না আপনাদের পৃষ্ঠপোষকতা না পেলে। বলতে দ্বিধা নেই সংখ্যাগরিষ্ঠ সদস্যদের এই অনুপ্রেরণা না পেলে হয়তো এগিয়ে যাওয়া সম্ভবপর হতো না কারণ যেসব পরিচিত মুখ, যাঁরা ফোরামকে সামনে থেকে নেতৃত্ব দিতে পারেন, তাঁদের অধিকাংশই কোনও এক আশ্চর্য কারণে উদাসীন। যত দিন যাচ্ছে তাঁদের অমূলক নিরাপত্তাহীনতা তাঁদেরকে কোরে তুলেছে স্বার্থসর্বস্ব, আত্মকেন্দ্রিক। কিন্তু যাঁরা সংখ্যাগরিষ্ঠ, তাঁরা ফোরামের যে কোনও গঠনমূলক কাজে দু'হাত বাড়িয়ে এগিয়ে এসেছেন। ফোরাম নতমস্তকে তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছে কারণ ফোরামের মেরুদণ্ড তাঁরাই। একটা দৃষ্টান্ত তুলে ধরি। সম্পাদক হিসাবে আমার প্রথম সাধারণ বার্ষিক সভায় আমি উল্লেখ করেছিলাম আমাদের বিপুল বকেয়া চাঁদার কথা। কল্যাণমূলক কাজে ফোরামের সৎ প্রচেষ্টা যে আপনাদের অনুপ্রাণিত করেছে তার প্রমাণ দেয় সদস্যপদ নবীকরণের সংখ্যা, ২০১৬ সাল পর্যন্ত সদস্যপদ নবীকরণ করেছেন প্রায় ১৩০০ সদস্য – আর ২০১৭-এর এই মার্চ মাসের মধ্যে আজকের হিসাব বাদ দিয়ে ইতিমধ্যে সদস্যপদ নবীকরণ কোরে নিয়েছেন প্রায় ৫০০ জন সদস্য। এই পরিসংখ্যান প্রমাণ কোরে দেয় ফোরামের এই এগিয়ে চলার পথটা সঠিক আর আপনাদের সহযোগিতা একমাত্র পাথেয়।

এবারে আসি স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে। প্রথমেই বলি পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যবীমা প্রকল্পের সাহায্যে ইতিমধ্যে বহু সদস্য উপকৃত হয়েছেন। এজন্য মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আমরা কৃতজ্ঞ। এর সঙ্গে আপনাদের অবগতির জন্য জানাই **Narayana Health**-এর সঙ্গে আমাদের যে Tie-up আছে, তার সুবাদে ইতিমধ্যেই আপনারা Privilege Card-এর অধিকারী। যা শুধু সদস্যদের জন্যই নির্ধারিত ছিলো, এখন তা সদস্যদের স্বামী অথবা স্ত্রী-এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এছাড়া **Purnam Medicare**-এ ফোরামের সদস্যরা যে আকর্ষণীয় ছাড় পান তা সদস্যদের পরিবারও পাবেন। প্রসঙ্গত উল্লেখ্য যে এখানে বিভিন্ন Test Pathological -এও আকর্ষণীয় ছাড় পাওয়া যায় যে সুযোগ আপনি ও আপনার পরিবারের যে কোনো সদস্য নিতে পারেন আপনার Membership Card-এর বিনিময়ে। এছাড়া সম্প্রতি **Glamsports 2017**-তে **Genesis Hospital**-এর কর্ণধার ডাঃ পূর্ণেন্দু রায় ফোরামের সদস্যদের আকর্ষণীয় ছাড় দিয়ে চিকিৎসার প্রতিশ্রুতি দিয়েছেন। এছাড়া চক্ষু চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে **Disha Eye Hospital**-এর সঙ্গে আমাদের একটা Tie-up আছে। তাঁদের উদ্যোগে আমরা একটি **Eye Camp**-এর আয়োজনও করেছিলাম – যেখানে ৮৫ জন সদস্য তাঁদের চক্ষু পরীক্ষা করিয়েছেন। অদূর ভবিষ্যতে ফোরাম এইরকম বিনামূল্যে চক্ষু শিবির ও স্বাস্থ্য শিবিরেরও আয়োজন করবে। আমাদের আরেকটি উল্লেখযোগ্য Tie-up ওষুধ সরবরাহকারী সংস্থা **SastaSundar**-এর সঙ্গে। আপনারা শুনলে আনন্দ পাবেন যে ২০১৬ সালে **SastaSundar**-এর মাধ্যমে আমাদের সদস্যরা মোট ৯,৩৭,১৬৭ টাকার ওষুধ কিনেছেন ২০% ছাড়ে। যার মধ্যে ১৫% সদস্যরা সরাসরি পেয়েছেন আর ফোরামকে প্রদত্ত বাকি ৫% ফোরাম আবার আপনাদের ফিরিয়ে দিয়েছে যার মূল্য মোট ৪৫,৩৬৭ টাকা। আপনাদের কাছে অনুরোধ আপনারা আরও বেশি সংখ্যায় এই প্রকল্পে সামিল হয়ে আকর্ষণীয় ছাড়ে নিত্য প্রয়োজনীয় ওষুধ কিনুন।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে ফোরামের মাধ্যমে **Metro Cash & Carry**-তে কার্ড করা যায় আপনার Income Tax Return দেখিয়ে। বিগত বছরে এর মাধ্যমে ২১২ জন সদস্য Metro Card করেছেন।

সাধ অনেক কিন্তু সেই অনুপাতে সাধ্য তো আমাদের নেই, তবুও সীমিত ক্ষমতার মাধ্যমেই অন্যান্য বছরের মতো বিগত বছরেও আমরা সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার চেষ্টা করেছি। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, নবীন-প্রবীণ মিলিয়ে চিকিৎসা ও অন্যান্য সাহায্যখাতে ২০১৬-তে আমরা মোট ২,৫৭,০৫০ টাকা খরচ করেছি।

একটি প্রীতি ফুটবল ম্যাচে অংশগ্রহণ কোরে ফোরামের পারিশ্রমিক ২,০০,০০০ টাকা পুরোটাই শ্রী চন্দন সেনের চিকিৎসায় আমরা প্রদান করেছি। প্রসঙ্গত উল্লেখ্য যে শ্রী চন্দন সেনের মতো এরকম দুরারোগ্য ব্যয়সাপেক্ষ চিকিৎসার মোকাবিলায় আমরা কিছু পদক্ষেপ নিতে চলেছি। যদি সফল হই তাহলে যথা সময়ে তা ঘোষণা করবো।

বিগত বছরে আমাদের আরেকটি উল্লেখযোগ্য প্রয়াস নাট্য প্রতিযোগিতা। ফোরামের জন্মদিন উপলক্ষে আয়োজিত এই নাট্য প্রতিযোগিতায় আমরা অভূতপূর্ব সাড়া পেয়েছি। এই প্রতিযোগিতায় বিভিন্ন নাটকে অংশগ্রহণকারী সদস্যদের মধ্যে বেশ কিছু সদস্য বিভিন্ন প্রযোজনা সংস্থায় কাজ পেয়েছেন। শুধু তাই নয় – আমরা দুটি প্রযোজনা সংস্থায় তাঁদের পরবর্তী প্রযোজনার জন্য দু'টি অডিশনের আয়োজন করেছিলাম। সেখান থেকেও কিছু সদস্য নির্বাচিত হয়েছেন। এ প্রয়াস সবে শুরু হয়েছে। অদূর ভবিষ্যতে শুধু প্রযোজনা সংস্থা নয়, প্রথম সারির চ্যানেলের জন্যেও ওয়েস্ট বেঙ্গল মোশান পিকচার আর্টিস্ট ফোরাম যোগ্য শিল্পীদের একটি **Bank** তৈরি করতে চলেছে। এই বিশাল কর্মযজ্ঞ আর বেশি দূরে নেই। খুব শীঘ্রই এই মর্মে আপনাদের কাছে বার্তা যাবে। যাঁরা ইতিমধ্যে কাজ করছেন তাঁরা

তো আছেনই, নতুন নতুন প্রতিভা তুলে আনার ক্ষেত্রে এক প্রথম সারির চ্যানেলের সঙ্গে আর্টিস্ট ফোরামের একটি চুক্তি হতে চলেছে। এ প্রসঙ্গে জানাই আমাদের **Website Update** করার কাজ পুরোদমে চলছে। কিন্তু এখনও পর্যন্ত কম-বেশি মাত্র পাঁচশো সদস্য তাঁদের তথ্য দিয়েছেন। এ ব্যাপারে আমি সদস্যদের আরও উদ্যোগী হতে অনুরোধ জানাবো।

এবারে বলি ২০১৬ সালে বিভিন্ন খাতে Donation বাবদ আমরা কত অর্থ সংগ্রহ করতে পেরেছি। **Glam Sports** যখন আর্টিস্ট ফোরাম শুরু করেছিলো অর্থাৎ ২০১৫ সালে তখন আমরা প্রথম বছর বোলে কোনো অর্থ সংগ্রহ করতে পারিনি। কিন্তু ২০১৬ সালে সেই **Glam Sports** থেকেই Donation বাবদ আমাদের তহবিলে এক লক্ষ টাকা এসেছে। তেমনিভাবে যে বিশাল নাট্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিলো সেখানে আমাদের পাঁচ লক্ষ টাকা খরচ হয়েছিলো, কিন্তু সেটা আমরা আমাদের সদস্যদের জন্য Investment হিসাবে ধরে নিয়েছি, যা পরবর্তী সময়ে আমাদের সদস্যদের প্রতিভা বিশিষ্টদের কাছে তুলে ধরার মঞ্চ হিসাবে ব্যবহার করা হবে। ২০১৬ সালে তা সত্ত্বেও আমরা ২৫,০০০ টাকা আমাদের তহবিলে নিয়ে আসতে সক্ষম হয়েছি। আশা করি এ বছর অর্থাৎ ২০১৭ সালে আর্টিস্ট ফোরাম ট্যালেন্ট অ্যাওয়ার্ড ফোরামের তহবিলে কিছু টাকা আনতে সক্ষম হবে প্রথম বছরের সুনামকে অবলম্বন কোরে। এছাড়া ৮১,০৫০ টাকা বিভিন্ন খাতে Donation হিসাবে এসেছে আমাদের তহবিলে। আর ফুটবল ম্যাচের মাধ্যমে ২,০০,০০০ টাকা যেটা আমরা প্রদান করেছি চিকিৎসা খাতে।

আমাদের গর্বের আরেকটি বিষয় হলো আমাদের ত্রৈমাসিক পত্রিকা বাতায়ন। আজ বাতায়ন আরও প্রসারিত। সেই বাতায়ন-এর মাধ্যমে আমরা পাচ্ছি কত না মণিমাণিক্য, অনেক আশীর্বাদ ও শুভেচ্ছা, ভাবতে ভালো লাগে যে সদস্যেরা পরবর্তী সংখ্যার বাতায়নে-এর জন্যে আজ অধীর অপেক্ষা করে থাকেন। শুধু তাই নয় অনেক প্রতিকূলতা সঙ্গে নিয়েও বাতায়ন তার আয়-ব্যয় সম্পূর্ণ নিজের উপার্জিত অর্থ থেকে সংগ্রহ করে। এজন্য ফোরামের তহবিল থেকে কোনো অর্থ ব্যয় করা হয় না।

২০১৬-তে আর্টিস্ট ফোরামের আরেকটি উল্লেখযোগ্য পদক্ষেপ হলো **National Pension System** নিয়ে একটি আলোচনা সভা। বর্তমানে সংবাদপত্র, বিভিন্ন পত্রপত্রিকা লক্ষ্য করলে দেখবেন **NPS** নিয়ে বিভিন্ন বিজ্ঞাপন প্রতিবেদন। অসংগঠিত ক্ষেত্রের জন্যে ভারত সরকারের একটি প্রকল্প। এ বছরের বাজেটে এই প্রকল্পে অংশগ্রহণকারীদের জন্যে করছাড়ের ক্ষেত্রে আরও সুবিধা দেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে। আর্টিস্ট ফোরাম কিন্তু এ প্রকল্পের বিষয়ে সচেতনতা জাগানোর জন্যে গত বছরেই এই সেমিনারের আয়োজন করে **Towards Secured Future** নামে **United Bank of India, Tollygunge Tram Depot**-এর সহায়তায়। অনিশ্চিত শিল্পী জীবনের শেষ অধ্যায়টি বড়োই মর্মান্তিক। তাই কর্মক্ষম থাকা অবস্থাতেই নিজের ভবিষ্যৎ সুরক্ষিত রাখার জন্যে একটা দিশা দেখানোই উদ্দেশ্য ছিলো এই সেমিনারের।

আপনাদের সকলকে নিয়মিত পরিষেবা দিতে আমাদের আর্টিস্ট ফোরামের কর্মীরা সদা সচেষ্ট। যাঁরা এভাবে অক্লান্ত পরিশ্রম কোরে আমাদের ফোরামকে সমৃদ্ধ করছেন তাঁদের কল্যাণের দিকটা তো অবহেলা করলে চলবে না। আপনারা জেনে আনন্দিত হবেন যে ফোরামের কার্যকরী সমিতি তাদের জন্য **PPF A/c** খুলে দিয়েছে যেখানে প্রতি মাসে একটি নির্দিষ্ট অঙ্ক তাদের নামে তাঁদের অ্যাকাউন্টে জমা পড়ে। শুধু তাই নয় – তাঁদের সকলকে কেন্দ্রীয় সরকারের **ESI** প্রকল্পের অধীনে আনা হচ্ছে যার মাধ্যমে তাঁরা নিজেরা তো বটেই, তাঁদের পরিবারও বিনামূল্যে যাবতীয় ওষুধ-বিষুধ এবং চিকিৎসা পরিষেবা কেন্দ্রীয় সরকারের **ESI Dispensary & Hospital**-এর মাধ্যমে পাবেন। আমাদের কর্মীদের জন্যে এই **ESI** প্রকল্প খুব শীঘ্রই চালু হতে চলেছে।

সমস্যা ছিলো, আছে, থাকবে। কিন্তু তার মোকাবিলা করতে হবে একজোট হয়ে। বর্তমানে লাগামছাড়াভাবে Shooting চলে দিন-রাত, এমনকী মাঝরাত পর্যন্ত ! বিশ্রামের সুযোগ প্রায় নেই বললেই চলে, এ এক অসহনীয় অবস্থা, অবিলম্বে এর একটা ব্যবস্থা গ্রহণ করা উচিত। কিন্তু এটাতো মুষ্টিমেয় কয়েকজনের দ্বারা সম্ভব নয়। এর জন্যে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। ফোরাম সহ ফেডারেশনের সমস্ত গিল্ডকে এক ছাতার তলায় এনে এই সমস্যার সমাধান করতে হবে। আমাদের পারস্পরিক সহযোগিতাই এই **Industry**-কে সমৃদ্ধ করবে।

সম্পাদক হিসাবে আমার কার্যকাল আর মাত্র এক বছর। এগিয়ে আসতে হবে নতুন প্রজন্মকে, আগামী দিনে। নতুন প্রজন্মের হাত ধরে আমাদের গর্বের ওয়েস্ট বেঙ্গল মোশান পিকচার আর্টিস্ট ফোরাম দেখাবে নতুন দিশা – সুরক্ষিত হবে প্রতিটি শিল্পীর ভবিষ্যৎ – এই স্বপ্ন নিয়ে শেষ করলাম আমার বিবৃতি।

অভিনন্দন সহ –

অরিন্দম গাঙ্গুলী
সাধারণ সম্পাদক
আর্টিস্টস্ ফোরাম